



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
www.ecs.gov.bd

জনসংযোগ শাখা

তারিখ: ০৬ ডিসেম্বর ২০১৮

সংবাদ বিজ্ঞপ্তি

আগামী ৩০ ডিসেম্বর ২০১৮ একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। সংসদ নির্বাচনে কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনী ব্যয় ২৫ লক্ষ টাকার অধিক হতে পারবে না। এছাড়া প্রতিটি নির্বাচনী এলাকায় ভোটার প্রতি ১০ টাকা ব্যয় করা যাবে।

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর আর্টিকেল ৪৪বি এর ৩ দফা বলে মাননীয় কমিশন প্রতিটি নির্বাচনী এলাকায় প্রতিদ্বন্দ্বী প্রার্থীর ও ভোটার প্রতি এ নির্বাচনী ব্যয় নির্ধারণ করেছেন।

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর আর্টিকেল ৪৪বি এর ৩ দফা মতে কোন প্রার্থী যে রাজনৈতিক দল হতে মনোনয়ন পাবেন তার জন্য উক্ত রাজনৈতিক দল কর্তৃক কৃত খরচসহ তার নির্বাচনী ব্যয় ২৫ লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। তবে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনী ব্যয় নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত ভোটার প্রতি হারে হবে। এ বিষয়ে নির্বাচন কমিশন প্রজ্ঞাপন দ্বারা ভোটার প্রতি ব্যয়ের হার ১০/-টাকা নির্ধারণ করেছেন। বিশেষভাবে উল্লেখ্য যে, ভোটার প্রতি নির্বাচনী ব্যয় যাই নির্ধারিত হোক না কেন কোন নির্বাচনী এলাকায় প্রার্থী কর্তৃক মোট নির্বাচনী ব্যয় ২৫ লক্ষ টাকার উর্ধ্বে হবে না।

(মোঃ আশাদুল হক)

সহকারী পরিচালক (জনসংযোগ)

মোবাইল: ০১৫৫০০৪২০৫৯